

আমাদের মত

ছাত্রলীগের কাছে জিম্মি প্রশাসন

১০ দিন ধরে ক্লাস বর্জন শিক্ষার্থীদের

চট্টগ্রাম ব্যুরো .
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) চারুকলা বিভাগের কয়েকজন শিক্ষার্থীর ওপর ছাত্রলীগের হামলার ঘটনায় ১০ দিন ধরে বন্ধ রয়েছে শিক্ষা কার্যক্রম। ছাত্রলীগের চাপের কারণে এ ব্যাপারে চবি প্রশাসন উদ্যোগ নিতে দেরি করছে বলে অভিযোগ রয়েছে শিক্ষার্থীদের।

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে গত ১০ নভেম্বর দুপুরে চট্টগ্রাম চারুকলা কলেজের ৩ জন শিক্ষার্থীর ওপর হামলা চালায় ছাত্রলীগ নামধারী চবি চারুকলা ইনস্টিটিউটের কয়েকজন শিক্ষার্থী। আহত ওই তিনজন শিক্ষার্থীও ক্যাম্পাসে নিজেদের ছাত্রলীগ কর্মী বলে দাবি করে আসছিলেন। যদিও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে পঁচিশ কিলোমিটার দূরে অবস্থান করা চবি চারুকলা ইনস্টিটিউটে ছাত্রলীগের কোনো কমিটি নেই। হামলার ঘটনার পর থেকেই বিচারের দাবিতে সব ক্লাস বর্জনের সিদ্ধান্ত নেয় আহত শিক্ষার্থীদের অনুসারীরা। গত ১১ নভেম্বর সাধারণ শিক্ষার্থীর পরিচয়ে চবি প্রশাসনের কাছে এ বিষয়ে স্মারকলিপি প্রদান করে তারা। গত ১৭ নভেম্বর চবি প্রশাসন তাদের সঙ্গে বসার আশ্বাস দিলেও নতুন করে তা ২৩ নভেম্বর করা হয়েছে। হামলার ঘটনার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ক্লাস বর্জনে সিদ্ধান্তে অটল রয়েছে শিক্ষার্থীরা। চারুকলা বিভাগের কয়েকজন শিক্ষার্থীর সঙ্গে কথা বলে জানা যায়, শিক্ষার্থীদের দাবির ভিত্তিতে ২০১০-১১ শিক্ষাবর্ষ থেকে চট্টগ্রাম চারুকলা কলেজকে চারুকলা ইনস্টিটিউট হিসেবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে নিয়ে আসা হয়। চারুকলা এরপর পৃষ্ঠা ৯ কলাম ১